যুগান্তর

তারিখ 20 DEC 2006
পৃষ্ঠা ১০ কলাম ৬

# বিএম কলেজে ভর্তি হতে পারবে না ২ হাজার ১২৫ শিক্ষার্থী

বরিশাল ব্যুরো

বরিশাল বিএম কলেজে ২০০৬-০৭ অনার্স শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করা ৬ হাজার ১৫০ জন শিক্ষার্থীর মধ্যে ২ হাজার ১২৫ জন আসন সংকটের কারণে ভর্তি হতে পারবে না। কলেজে আসন সংখ্যা বাড়ানোর জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ে বহুবার আবেদন জানিয়েও ফল না হওয়ায় এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

সোমবার ছিল বিএম কলেজে অনার্স শ্রেণীতে ভর্তি পরীক্ষার ফরম বিক্রির শেষ দিন। ওইদিন পর্যন্ত ১৮টি বিষয়ে ভর্তি হওয়ার জন্য ফরম ক্রয় করেছে ৬ হাজার ১৫০ জন শিক্ষার্থী। এর মধ্যে মানবিক বিভাগে সর্বাধিক ২ হাজার ৭৯৪ জন, ব্যবসায় শিক্ষা বিভাগে দ্বিতীয় সর্বাধিক ২ হাজার ৪০৭ জন এবং বিজ্ঞান বিভাগে ৯৪৯ জন ফরম কিনেছে। ৩টি বিভাগের ১৮টি বিষয়ে সর্বোচ্চ ৪ হাজার ২৫ জন শিক্ষার্থী চলতি বছর অনার্সে ভর্তি হতে পারবে। সর্বাধিক ৩২৫টি করে আসন রয়েছে সমাজকল্যাণ, সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান এবং ব্যবস্থাপনা বিভাগে। ইংরেজি বিভাগে অতিরিক্ত চাপ থাকলেও সেখানে আসন রয়েছে মাত্র ২৩০টি। আগামী ২৬ জানুয়ারি আবেদনকারীদের ১ ঘণ্টার ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এরপর জাতীয় বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় উত্তরপত্র মূল্যায়ন শেষে ঘোষণা করা হবে ফল। ফেব্রুয়ারির প্রথম দিকে ভর্তি প্রক্রিয়া শুরু হবে বলে ধারণা করা হচ্ছে।

ভর্তি কমিটির আহ্বায়ক এবং পদার্থবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক আলী আহম্মেদ হাওলাদার জানান, ফরম বিক্রি শেষ হয়েছে। এগুলো যাচাই-বাছাই শেষে ২৬ জানুয়ারি ভর্তি পরীক্ষার প্রস্তুতি নেয়া হচ্ছে। এদিকে আসন সংকটের কারণে এখানে ভর্তি হতে না পারা ২ হাজার ১২৫ জন শিক্ষার্থীর অধিকাংশই ঝরে পড়বে বলে ধারণা করছেন শিক্ষাবিদরা। কলেজ কর্তৃপক্ষ জানায়, অবকাঠামোগত সুবিধা বিবেচনায় এখানে আসন সংখ্যা বাড়ানোর জন্য [illegible]